



বিজ্ঞপ্তি নং- ০৯/২০২২

জে,

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
০৭ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: অধস্তন আদালতের বিচারকগণের মাসিক কর্মসম্পাদন রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের গত ২৭.০১.২০২২ তারিখের ০৫/২০২২নং বিজ্ঞপ্তিমূলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় দেশের ৮টি বিভাগের প্রত্যেক বিভাগের জন্য হাইকোর্ট বিভাগের একজন মাননীয় বিচারপতি মহোদয়কে মনোনয়ন প্রদান করতঃ পৃথক পৃথক ৮ (আট)টি Monitoring Committee for Subordinate Courts গঠন করেছেন এবং প্রত্যেক Monitoring Committee for Subordinate Courts এর মাননীয় বিচারপতি মহোদয়কে সাচিবিক সহায়তা প্রদানের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। গঠিত Monitoring Committee for Subordinate Courts-এর মাননীয় বিচারপতি মহোদয়গণের Monitoring এর সুবিধার্থে জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ/অতিরিক্ত জেলা ও দায়রা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ/যুগ্ম মহানগর দায়রা জজ, সহকারী জজ/সিনিয়র সহকারী জজ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/বিদ্যুৎ কোর্ট/স্পেশাল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, জননিরাপত্তা বিলম্বকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, সাইবার ট্রাইব্যুনাল, পরিবেশ আদালত/পরিবেশ আপীল আদালত, শ্রম আদালত/স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, অর্থক্ষণ আদালত এবং জেলা লিগ্যাল এইড কর্মকর্তার মাসিক কর্মসম্পাদন রিপোর্ট সংযুক্ত তালিকায় বর্ণিত মতে অত্র কোর্টে পাওয়া একান্ত আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, সংযুক্ত তালিকা অনুযায়ী প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে অধস্তন আদালতের বিচারকগণের মাসিক কর্মসম্পাদন রিপোর্ট উক্ত কমিটির সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা-কে হার্ডকপি এবং উক্ত কর্মকর্তার জন্য নির্ধারিত ই-মেইল-এ সফট কপি প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহের মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক মামলা নিষ্পত্তির বিবরণ প্রেরণের ধারাবাহিকতা বজায় থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ বজলুর রহমান)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন : +৮৮-০২-২২৩৩৮১৯৫২

E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১৮৭৮

জে,

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ

০৭ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, ..... (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল) (সকল)।
৩. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, ..... (সকল)।
৪. চেয়ারম্যান/সদস্য, শ্রম আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল, ..... (সকল)।
৫. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/ জননিরাপত্তা বিলম্বকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ..... (সকল)।
৬. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ..... (সকল)।
৭. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল/ স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ..... (সকল)।
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ..... (সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৯. রেজিস্ট্রার, প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল ..... (চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
১০. Monitoring Committee for Subordinate Courts-এর সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, ..... (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১২. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৩. অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)  
ফোন: ০২২২৩৩৮১৯৩২।